



প্রিয় মা-বাবা/অভিভাবক,

নিউ ইয়র্ক পাবলিক লাইব্রেরি আপনাকে ও আপনার পরিবারকে আমাদের সম্পূর্ণ নতুন গ্রীষ্মকালীন শিক্ষা কর্মসূচি, **একসাথে কল্পনা (Imagine Together)**-এ আমাদের সঙ্গে যোগদান করতে আমন্ত্রণ করছে। এই গ্রীষ্মকালে আমরা সেই সব কিছু অন্বেষণ ও আবিষ্কার করব যেগুলি আমাদের বিশ্বকে গড়ে তোলে: আমাদের পরিবার ও বন্ধু, আমাদের প্রতিবেশী, আমরা যে জনসমাজের অংশ, আমাদের শহর এবং আরো অনেক কিছু। লাইব্রেরিটি এখন, এবং সারা বছর ধরে আপনাকে ও আপনার শিশুদের সহায়তা করার জন্যই এখানে আছে, যখন তারা পড়ে, শেখে ও মজা করে। শিশুরা এক বছরের বেশি সময় ধরে তাদের নিয়মিত পড়াশোনাকে মারাত্মকভাবে বাধাপ্রাপ্ত হতে দেখেছে, তাই এই গ্রীষ্মকালে দক্ষতাগুলিতে শান দেওয়া আগের চেয়েও বেশি জরুরি। আমরা একসাথে শিশুদেরকে আসন্ন স্কুল বর্ষের জন্য প্রস্তুত হতে সাহায্য করতে পারি আর সেই সাথে তাদের কমিউনিটির সঙ্গে পুনরায় সংযুক্ত হতে পারি। আমাদের গ্রীষ্মকালীন শিক্ষা (Summer Learning) হাব দেখুন: [NYPL.org/summer](https://www.nypl.org/summer)



পড়া। আমরা শিশুদের এই গ্রীষ্মকালে দিনে অন্ততপক্ষে 20 মিনিটের জন্য পড়তে উৎসাহিত করি। আপনার বইগুলির লিখিত রেকর্ড রাখতে এবং আপনার পড়া বইগুলিকে রেটিং দিতে — এখানে সংযুক্ত রিডিং ট্র্যাকারটি ব্যবহার করুন — বা আমাদের অনলাইন রিডিং পোর্টাল দেখুন। আর ভুলবেন না যে বই ও অডিওবুক — থেকে শুরু করে কমিক্স ও ম্যাঙ্গা পর্যন্ত সব ধরনের পড়াই বিবেচিত হয়!



শেখা। শেখার একটা চমৎকার উপায় হল পড়া — কিন্তু এই লাইব্রেরিতে আরও অনেক উপায়ও আছে! **বাসায় নিয়ে যাওয়ার জন্য একটি কার্যকলাপের কিট** সংগ্রহ করার জন্য আপনার স্থানীয় শাখায় যান। এবং, 27 জুন থেকে শুরু করে শিশুরা আমাদের **ভার্চুয়াল সামার ক্যাম্প** যোগ দিতে পারে — এটি হল সব বয়সের জন্য ছয় সপ্তাহের মজাদার অনলাইন কার্যকলাপ! (ইংরেজীতে)



মজা করা! এই গ্রীষ্মে আপনার শিশুদের কল্পনাকে উদ্দীপ্ত করার জন্য লাইব্রেরিটি প্রচুর রিসোর্স প্রদান করে। আমাদের বিনামূল্য গ্রীষ্মকালীন কর্মসূচিগুলি সম্বন্ধে জানুন যেগুলি আমাদের চারপাশের বিশ্বকে অন্বেষণ করছে। আমাদের বার্ষিক গ্রীষ্মকালীন রচনা প্রতিযোগিতায় নাম লেখাতে ভুলবেন না! **একসাথে কল্পনা (Imagine Together)** করার অনেক উপায় আছে।

পুরো গ্রীষ্মকাল ধরে — এবং তারপরেও আপনাকে ও আপনার শিশুদের সাহায্য করার জন্যই আমরা এখানে আছি। আপনার লাইব্রেরি কার্ডটি হাতে নিন, অথবা আজই একটি নতুন কার্ড নিন, আর লাইব্রেরিটি যা কিছু প্রদান করতে পারে সেই সবকিছু আবিষ্কার করুন। আপনি কী আবিষ্কার করবেন?

আমরা আশা করি আপনার গ্রীষ্মকাল চমৎকার কাটুক!

নিউ ইয়র্ক পাবলিক লাইব্রেরি

পুনশ্চ পুরো কর্মসূচি ধরে আমরা শিশুপুস্তকের বিখ্যাত অঙ্কনশিল্পী **Christian Robinson**-এর কাজগুলির ওপরে আলোকপাত করতে পেরে গর্বিত, যিনি তাঁর *You Matter* (NYPL-এর 2020 সালের শিশুদের জন্য সেরা পুস্তকগুলির মধ্যে অন্যতম হিসেবে নামাঙ্কিত!), *Another*, ও *Last Stop on Market Street* বইগুলি থেকে তাঁর শিল্পকর্মগুলি ব্যবহার করার জন্য বিশেষ অনুমতি দিয়েছেন। Robinson এবং তাঁর শিল্পকর্ম সহ বিশেষ কর্মসূচির জন্য নজর রাখতে থাকুন!